গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০১
web: www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০৩১.০১৬.০০.০০.০০৩.২০১০(অংশ-৩)/১৬৮(৩১)

তারিখঃ ১২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ফুটবলের উন্নয়ন, তরুণ খেলোয়াড় সৃষ্টি ও ফুটবলের পুনঃ জাগরণের লক্ষ্যে তহবিল সংগ্রহের নিমিত্তে সরকার অনুমোদিত ২০/- (বিশ) টাকা মূল্যমানের জাতীয় লটারির টিকেট বিক্রয়ে আপনার নিয়ন্ত্রণাধীন পল্লী উন্নয়নের বিভিন্ন খাত সমূহে ও সমবায় অধিদপ্তরের জেলা ও উপজেলা শাখা সমূহের সকল কর্মকর্তা, কর্মচারী ও শুভানুদ্ধায়ীদের মাঝে ও মাধ্যমে বিক্রয়ে সহযোগিতার আবেদন।

সূত্রঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশন-এর স্মারক নং-০০৩১/বাফুফে-লটারি(২)/২০১৮, তারিখঃ ০৪/০১/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ফুটবলের উন্নয়ন, তরুণ খেলোয়াড় সৃষ্টি ও ফুটবলের পুনঃ জাগরণের লক্ষ্যে তহবিল সংগ্রহের নিমিত্তে সরকার অনুমোদিত ২০/- (বিশ) টাকা মূল্যমানের জাতীয় লটারির টিকেট বিক্রয়ে এ বিভাগের নিয়ন্ত্রণাধীন পল্লী উন্নয়নের বিভিন্ন খাত সমূহে ও সমবায় অধিদপ্তরের জেলা ও উপজেলা শাখা সমূহের সকল কর্মকর্তা, কর্মচারী ও শুভানুদ্ধায়ীদের মাঝে ও মাধ্যমে বিক্রয়ে সহযোগিতার আবেদনপত্রটির ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৫(পাঁচ) ফর্দ।

(মোঃ মিজবাহ উদ্দিন মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-**

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৬। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
০৮। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
১২। সিঃ সহঃ সচিব/সহকারী সচিব, উন্নয়ন শাখা/আইন শাখা/প্রতিষ্ঠান শাখা-১ ও ২/বাজেট শাখা-১ ও ২, এ বিভাগ।
১৩। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১/২/৩/৪/৫/৬, এ বিভাগ।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সহকারী প্রোগ্রামার-১/২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

০১। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় **(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
০২। সচিবের একান্ত সচিব (উপ-সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
০৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
০৪। অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
০৫। যুগ্ম-সচিব (উন্নয়ন)/(প্রতিষ্ঠান)/(বাজেট)/(আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
০৬। উপ-সচিব (প্রশাসন)/(বাজেট)/(এপিএ)/(আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৭। উপ-প্রধান (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৮। অফিস কপি।

E:\NIKOSH FILE...2016-2017 & 2018\Other's File.2016\Other's Letter........2016.docx247

# বাংলাদেশ ফুটবল ফেডারেশন
# BANGLADESH FOOTBALL FEDERATION

সূত্র : ০০৩১/বাফুফে-লটারি(২)/২০১৮ তারিখ : ০৪ জানুয়ারী ২০১৮ খ্রিঃ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং ২২২ তারিখ: ৭/১/১৮

জনাব মাফরুহা সুলতানা
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ফুটবলের উন্নয়ন, তরুণ খেলোয়াড় সৃষ্টি ও ফুটবলের পুনঃ জাগরনের লক্ষ্যে তহবিল সংগ্রহের নিমিত্তে সরকার অনুমোদিত ২০/- (বিশ) টাকা মূল্যমানের জাতীয় লটারির টিকেট বিক্রয়ে আপনার নিয়ন্ত্রণাধীণ পল্লী উন্নয়নের বিভিন্ন খাত সমূহে ও সমবায় অধিদপ্তরের জেলা ও উপজেলা শাখা সমূহের সকল কর্মকর্তা, কর্মচারী ও শুভানুদ্ধায়ীদের মাঝে ও মাধ্যমে বিক্রয়ে সহযোগিতার আবেদন।

জনাব,
উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের বর্তমান কার্যনির্বাহী কমিটি উদীয়মান ও প্রতিভাবান তরুন খেলোয়াড় সৃষ্টিসহ ফুটবলের পুনঃ জাগরন ও দেশের ফুটবলের উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাফুফে একটি অলাভজনক প্রতিষ্ঠান; বাফুফের প্রধান আয়ের উৎস স্পন্সরশীপ বাবদ প্রাপ্ত অর্থ। স্বনামধন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন ফুটবল প্রতিযোগিতা/টুর্নামেন্ট উপলক্ষ্যে স্পন্সরশীপ চুক্তি বাবদ যে অর্থ পাওয়া যায় তা লীগ/টুর্নামেন্টে অংশগ্রহণকারী ক্লাবসমূহকে পার্টিসিপেশন ফি/অনুদান হিসেবে প্রদান করতঃ অবশিষ্ট অর্থ দিয়ে সংশ্লিষ্ট লীগ/টুর্নামেন্টের খেলা আয়োজন করা হয়। এছাড়াও বিভিন্ন সময়ে ফিফা ও এএফসি'র ক্যালেন্ডার অনুযায়ী বাংলাদেশ পুরুষ ও মহিলা জাতীয় ফুটবল দল এবং বয়সভিত্তিক দলসমূহ বিভিন্ন আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে এবং একইসঙ্গে বাংলাদেশে আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট আয়োজনে রেফারী, ফুটবল প্রশিক্ষক ও অংশগ্রহণকারী দলসমূহের জন্যও প্রচুর অর্থের প্রয়োজন হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশের ফুটবলের মান উন্নয়নের লক্ষ্যে ব্যয়ভার নির্বাহের জন্য বাফুফে তহবিল সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে।

উল্লেখিত আলোকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ইতিমধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগ কর্তৃক বাফুফে বরাবর প্রেরিত পত্র সূত্র নং: ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১১.৭৩, তারিখ ১২ ডিসেম্বর ২০১৭ এর মাধ্যমে ফুটবলের উন্নয়নের লক্ষ্যে ২০/- (বিশ) টাকা মূল্যমানের জাতীয় লটারি দেশব্যাপী পরিচালনার জন্য আগামী ২০-০৩-২০১৮ হতে ০৩-০৫-২০১৮ পর্যন্ত ড্র ০৫-০৫-২০১৮ খ্রিঃ নির্ধারণ করে সদয় অনুমতি প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

উক্ত লটারি টিকেট বিক্রয় করে যে অর্থ সংগ্রহ করা হবে তা শুধুমাত্র ফুটবলের উন্নয়নে এবং দেশের ফুটবল পুনঃ জাগরনের জন্য ব্যয় করা হবে। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাফুফে ঘোষিত 'ভিশন ২০২২' বাস্তবায়নে বিশাল অংকের অর্থের একান্ত প্রয়োজন। উক্ত লটারি সফল ও সুষ্ঠুভাবে সুসম্পন্ন করার কার্যক্রমে আপনার সার্বিক সাহায্য ও সহযোগিতা একান্তভাবে কাম্য। উল্লেখ্য যে, বিগত সময়ে বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের তহবিল সংগ্রহে আপনার প্রতিষ্ঠানের লটারির টিকেট বিক্রয়ে সহযোগিতার ধারাবাহিকতায় 'বাফুফে জাতীয় লটারি ২০১৮' এর সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

এমতাবস্থায়, বাংলাদেশের ফুটবলকে এশিয়া মানে এগিয়ে নেয়া এবং 'ফিফা বিশ্বকাপ ফুটবল' এ খেলার যোগ্যতা অর্জনের প্রত্যয়ে সর্বোপরি দেশের ফুটবলের সামগ্রীক উন্নয়নের লক্ষ্যে তহবিল সংগ্রহের জন্য আপনার নিয়ন্ত্রণাধীণ পল্লী উন্নয়নের বিভিন্ন খাত সমূহে ও সমবায় অধিদপ্তরের জেলা ও উপজেলা শাখা সমূহের সকল কর্মকর্তা, কর্মচারী ও শুভানুদ্ধায়ীদের মাঝে ও মাধ্যমে সংযুক্ত নিয়মাবলীর আলোকে 'বাফুফে জাতীয় লটারি ২০১৮' এর লটারির টিকেট বিক্রয়ে সার্বিক সহযোগিতার জন্য স্ব স্ব বিভাগের প্রধানকে অনুমতি ও নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

কাজী মোঃ সালাউদ্দিন
সভাপতি
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

কাজী মোঃ সালাউদ্দিন
সভাপতি
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

সংযুক্ত : বাংলাদেশ সরকারের অনুমতি পত্র, নিয়মাবলী ও প্রয়োজনীয় কাগজপত্রাদি।

BFF HOUSE, Motijheel C/A, Dhaka-1000, Bangladsh. | Tel : +88-02-9574232, 9556072, 9556329
Fax : +8-02-9559900, 9574233. | E-mail : info@bff.com.bd | Web : www.bff.com.bd

# বাংলাদেশ ফুটবল ফেডারেশন
# BANGLADESH FOOTBALL FEDERATION

: ০০০১/১/বাফুফে-লটারি(২)/২০১৮ | তারিখ : ০২ জানুয়ারী ২০১৮ খ্রিঃ

## বাফুফে লটারির টিকেট বিক্রয়ের নিয়মাবলী

**<u>শুভ উদ্বোধন ও বিক্রয় শুরু ২০-০৩-২০১৮, ড্র: ০৫-০৫-২০১৮ তারিখ</u>**

ক) আমাদের নিজ খরচে জেলা ও উপজেলার প্রতিটি শাখায় টিকেট পৌঁছে দেয়া হবে। বিক্রয় শেষে অবিক্রিত টিকেট ফেরৎ নেয়া হবে।

খ) বিক্রিত টিকেটের অর্থ (আপনাদের কমিশন রেখে) **"বাফুফে লটারি"** সোনালী ব্যাংক লিঃ, চলতি হিসাব নং-৩৩১৪৫৮০২, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা" শিরোনামে যে কোন ব্যাংক হতে ডি.ডি বা পে-অর্ডার তৈরী করে প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে ভবন, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

গ) টিকেট বিক্রয়ের আনুসাঙ্গিক খরচ বাবদ বিক্রয়লব্ধ অর্থ থেকে আপনাদের প্রতিষ্ঠানকে ৩০% কমিশন/সম্মানী দেয়া হবে। অর্থাৎ প্রতি টিকেটে ৬/- টাকা হারে কমিশন/সম্মানী দেয়া হবে।

ঘ) ৫০ (পঞ্চাঁশ) লক্ষ টাকার সর্বমোট ৬২৪ টি পুরস্কার প্রদান করা হবে। পুরস্কারের বর্ণনা টিকেটের পিছনের পৃষ্ঠায় দেয়া আছে।

ঙ) প্রতি টিকেটের মূল্যমান ২০/- (বিশ) টাকা।

চ) ০১-০৫-২০১৮ পর্যন্ত লটারির টিকেট বিক্রয় করা যাবে এবং ০৩-০৫-২০১৮ তারিখ এর মধ্যে অবিক্রিত লটারির টিকেট সমূহ (যদি থাকে) তা প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে ভবন, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ এর বরাবরে ফেরৎ পাঠাতে হবে।

ছ) লটারির টিকেট বিক্রয়ের জন্য বিটিভি, স্যাটেলাইট চ্যানেল ও সংবাদপত্রে বিজ্ঞাপন প্রচার করা হবে ও টিকেট বিক্রয়ের স্বার্থে প্রয়োজনীয় ব্যানার, পোস্টার, স্টীকার ও লিফলেট বিনামূল্যে সরবরাহ করা হবে।

জ) ড্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান টিভি চ্যানেলের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে।

02/01/18

হাজী মোঃ আলম কবির
প্রকল্প পরিচালক
বাংলাদেশ ফুটবল ফেডারেশন
মোবাইল : ০১৭১১ ৫৮৯৮৭০, ০১৭১০ ১৮০১৫৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন অধিশাখা

নং ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১১. ৭৬

তারিখ ঃ ২৮ অগ্রহায়ন, ১৪২৪ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ লটারি অনুষ্ঠানের অনুমতি প্রদান।

নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, আর্ত মানবতার সেবামূলক কার্যক্রমসমূহ অব্যাহত রাখার লক্ষ্যে তহবিল সংগ্রহের নিমিত্ত বাংলাদেশ ফুটবল ফেডারেশন'কে বাংলাদেশ সরকার নিম্নোক্ত স্মারনীর ৪ নং কলামে বর্ণিত সময়ে জাতীয় পর্যায়ে ২০ (বিশ) টাকা মূল্যমানের টিকেট বিক্রয় ও ৫ নং কলামে বর্ণিত তারিখে 'ড্র' অনুষ্ঠানের অনুমতি প্রদান করছেঃ

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | টিকিটের মূল্যমান | টিকেট বিক্রয়ের সময়সীমা | 'ড্র' অনুষ্ঠানের তারিখ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | বাংলাদেশ ফুটবল ফেডারেশন | ২০ (বিশ) টাকা | ২০-০৩-২০১৮ হতে ০৩-০৫-২০১৮ পর্যন্ত | ৫-৫-২০১৮ খ্রিঃ |

০২। লটারী পরিচালনা/অনুষ্ঠানের শর্তাবলী ঃ

(ক) পুরস্কারসহ লটারী অনুষ্ঠানের সমুদয় ব্যয় বিক্রিত টিকেটের মূল্যমানের অনুর্ধ ৪৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে ;

(খ) লটারি অনুষ্ঠানকারি প্রতিষ্ঠান কর্তৃক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৫ ধারা মোতাবেক উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক আয়কর আদায়কারি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে ;

(গ) লটারী অনুষ্ঠানকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্য সংযোজন কর আইন ১৯৯১ অনুযায়ী টিকেট বিক্রয়কারীর নিকট থেকে মূল্য সংযোজন কর কর্তন করে সরকারী কোষাগারে জমা প্রদান করে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে অবহিত করতে হবে ;

(ঘ) লটারী অনুষ্ঠানের অনুমতি কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট কোন অবস্থাতেই বিক্রয়/হস্তান্তর করা যাবে না ;

(ঙ) কোন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিকের মাধ্যমে বা উহার অভ্যন্তরে লটারির টিকিট বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রচার করা যাবে না ;

(চ) এজেন্ট নিয়োগ এবং মোবাইল ফোনের মাধ্যমে লটারির টিকিট বিক্রয় সংক্রান্ত তথ্যাদি টিকেট বিক্রয় শুরুর পূর্বেই অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অবহিত করতে হবে ;

(ছ) টিকেট বিক্রি শুরু থেকে 'ড্র' অনুষ্ঠান পর্যন্ত যে কোন সময় প্রয়োজনে কর্তৃপক্ষ সামগ্রিক কার্যক্রম পরিদর্শন করতে পারবে ;

(জ) 'ড্র' কমিটিতে সদস্য হিসেবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের একজন কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করতে হবে ;

(ঝ) 'ড্র' অনুষ্ঠান ও পুরস্কার বিতরণকালে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে ;

(ঞ) শুধু বিক্রিত টিকেটের মধ্যেই লটারীর 'ড্র' অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে;

(ট) টিকেট বিক্রয় সংক্রান্ত গ্রস আয়ের পরিমাণ এবং লটারীর জন্য বিবেচ্য টিকেটের পূর্ণাংগ তালিকায় 'লটারী ড্র কমিটি' এর সকল সদস্যের স্বাক্ষরের পর ''ড্র'' অনুষ্ঠান করতে হবে ;

চলমান পাতা-০২

পূর্ব পৃষ্ঠার পর--

(ঠ) লটারি অনুষ্ঠানের ২(দুই) মাসের মধ্যে পুরস্কার বিতরণ নিশ্চিত করে পুরস্কার বিতরণ সংক্রান্ত তথ্যাদি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে ;

(ড) বর্ণিত (খ) ও (গ) শর্তের আলোকে প্রদেয় রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদান সংক্রান্ত তথ্যাদি 'ড্র' অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে অত্র বিভাগের সিনিয়র সচিব/ সচিব বরাবরে দাখিল করতে হবে ; এবং

(ঢ) সরকার কর্তৃক নিবন্ধনকৃত কোন সি, এ ফার্মের দ্বারা নিরীক্ষা সম্পাদন পূর্বক লটারীর টিকেট বিক্রয়লব্ধ সমূদয় অর্থের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীর ৩ (তিন) কপি ''ড্র'' অনুষ্ঠানের ৯০ (নব্বই) দিনের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে।

০২। উপরোক্ত শর্তাবলী লঙ্ঘন/অমান্য করা হলে, জাতীয় লটারি নীতিমালা, ২০১১ এর ৮ অনুচ্ছেদ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

০৩। লটারি অনুষ্ঠানের এ অনুমোদন যে কোন সময় বাতিল বা সংশোধন করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাঃ/-
( মোঃ আব্দুল গফুর )
উপ-সচিব
ফোন-৯৫৫৫৬৫৭

সভাপতি
বাংলাদেশ ফুটবল ফেডারেশন
বিএফএফ হাউজ, সি/এ, মতিঝিল, ঢাকা-১০০০।

নং ০৮.০০.০০০০.০৪০.৩৪.০০৪.১১. ৭৬/১(৮)

তারিখ ঃ ২৮ অগ্রহায়ন, ১৪২৪ বঙ্গাব্দ / ১২ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**অনুলিপি ঃ** সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য ঃ

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার (সকল), ..............................
৭। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

১২/১২/২০১৭
( মোঃ আব্দুল গফুর )
উপ-সচিব

Lottery accept

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উন্নয়ন-১ শাখা)।

প্রধান প্রকৌশলী
এলজিইডি

(Admin)

স্মারক নং-৪৬.০৬৭.০০৩.০০.০০.০৩৫.২০১৪- ৮০৬৬ তারিখ: ০২/১১/২০১৪

**বিষয়ঃ** বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে), ফুটবলের মান উন্নয়ন, তরুণ খেলোয়ার সৃষ্টি ও ফুটবলের পুনঃজাগরণের লক্ষ্যে অর্থ সংগ্রহের নিমিত্তে সরকার অনুমোদিত ২০/-(বিশ) টাকা মূল্যমানের লটারির টিকেট বিক্রয় সহযোগিতা সংক্রান্ত।

সূত্র : ১) বাংলাদেশ ফুটবল ফেডারেশন হতে প্রাপ্ত পত্র নং-০০৩১/বাফুফে-লটারি/২০১৪ তাং-১৬-১০-২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে), ঢাকা হতে সংযুক্তিসহ প্রাপ্তপত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে), ফুটবলের মান উন্নয়ন, তরুণ খেলোয়ার সৃষ্টি ও ফুটবলের পুনঃজাগরণের লক্ষ্যে অর্থ সংগ্রহের নিমিত্তে সরকার অনুমোদিত ২০/-(বিশ) টাকা মূল্যমানের লটারির টিকেট বিক্রয় সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৯৩০১৪।

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/ই-৫৪/২০১২/৩০২৭৯ (৫৫৩) তারিখঃ ২৭/১১/২০১৪ ইং

সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ——————————।
২) উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ——————————, জেলাঃ——————————।

২৭/১১/২০১৪

(মোঃ ওয়াহিদুর রহমান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd